ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৯৩

আগরতলা, ১৭ সেপ্টেম্বর, ২০২৫

## আজ থেকে রাজ্যে জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি শুরু

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিনকে কেন্দ্র করে আজ থেকে বন দপ্তরের উদ্যোগে রাজ্যে জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি (সেবা পর্ব) শুরু হয়েছে। চলবে আগামী ২ অক্টোবর জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মদিন পর্যন্ত। আজ গান্ধীগ্রামস্থিত ফরেস্ট কমপ্লেক্স প্রাঙ্গণে এক অনুষ্ঠানে একটি বকুল গাছের চারা রোপণ করে এই কর্মসূচির সূচনা করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। এছাড়া এই কমপ্লেক্স প্রাঙ্গণে বকুল গাছের চারা রোপণ করেন বিধায়ক নয়ন সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা, পূর্ব গান্ধীগ্রাম পঞ্চায়েতের প্রধান জানকি বিশ্বাস, বন দপ্তরের পি.সি.সি.এফ. (পি অ্যান্ড ডি) প্রবীণ আগরওয়াল, পি.সি.সি.এফ. চৈতন্য মূর্তি, কনজারভেটর অব ফরেস্ট এইচ. রেড্ডি প্রমুখ। উল্লেখ্য, দেশের জনগণের মধ্যে বৃক্ষরোপণের বিষয়ে সচেতনতা আনার লক্ষ্যে গত বছর থেকে দেশে এক পেড় মা কে নাম কর্মসূচি শুরু হয়েছে। সেবা পর্বে এবছর সারা দেশে ১.২৫ কোটি বিভিন্ন প্রজাতির চারাগাছ রোপণের উদ্যোগ নেওয়া হয়েছে। বৃক্ষরোপণ অনুষ্ঠানের পর সাংবাদিকদের সাথে কথা বলার সময় বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, প্রধানমন্ত্রীর জন্মদিন থেকে আগামী ২ অক্টোবর পর্যন্ত সারা রাজ্যে ৫০ হাজার চারাগাছ রোপণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে এবছরের ২৫ জুন এক পেড় মা কে নাম প্রকল্পে সারা রাজ্যে ১০ লক্ষ ৪৭ হাজার ৪৮৮টি বিভিন্ন প্রজাতির চারাগাছ রোপণ করা হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের জন্য এক নিবেদিত প্রাণ। তিনি দেশকে বিভিন্ন সেক্টরে দূরদর্শিতার সাথে এগিয়ে নিয়ে চলেছেন। আমাদের রাজ্যও তাঁর নির্দেশিত পথে এগিয়ে চলেছে। তিনি বলেন, জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচির অঙ্গ হিসেবে আগামী ২৫ সেপ্টেম্বর দুপুর ১২টায় রাজ্যের ৮ জেলায় একই সময়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হবে। এরমধ্যে ২৫ সেপ্টেম্বর পশ্চিম জেলার মান্দাই রেঞ্জে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, খোয়াই জেলার তুলাশিখর রেঞ্জে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধানসভার সরকারি মুখ্য সচেতক তথা বিধায়ক কল্যাণী সাহা রায়, ধলাই জেলার আমবাসা রেঞ্জে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, উত্তর জেলার পানিসাগর রেঞ্জে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জেলার কুমারঘাট রেঞ্জে তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস, এই জেলার পেঁচারথল রেঞ্জে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, গোমতী জেলার উদয়পুরে রেঞ্জে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, সিপাহীজলার মেলাঘর রেঞ্জে উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন এবং দক্ষিণ জেলার সাতচাঁদ রেঞ্জে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেবেন। এছাড়া উদয়পুর, খোয়াই, আগরতলা পুরনিগম প্রভৃতি নগর শাসিত এলাকায় এই জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হবে। এছাড়া বিভিন্ন দপ্তরও এই কর্মসূচি রূপায়ণ করবে। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের উদ্যোগে এবং বন দপ্তরের সহযোগিতায় এই জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

*****